



এমপি গাজী নজরুলের শান্তির দাবিতে সাতক্ষীরায় বিক্ষোভ



ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের শান্তির দাবিতে তার নির্বাচনী এলাকা শ্যামনগরে বিক্ষোভ করেছেন স্থানীয়রা। সোমবার (২১ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে উপজেলা সদরে ‘সচেতন নাগরিক সমাজ’-এর ব্যানারে আয়োজিত কর্মসূচিতে শতাধিক মানুষ অংশ নেন। বিক্ষোভে বক্তারা গাজী নজরুলের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে তার কঠোর শাস্তি দাবি করেন। তাদের অভিযোগ, চাকরির প্রলোভন দেখিয়ে এক তরুণীর জীবন নষ্ট করা হয়েছে। এ ঘটনায় গাজী নজরুলকে ফাঁসি দেওয়ার পাশাপাশি সংসদ সদস্য পদ থেকে বহিষ্কার এবং সাতক্ষীরা-৪ আসন শূন্য ঘোষণার দাবি জানান তারা। কর্মসূচি শেষে বিক্ষোভকারীরা গাজী নজরুল ইসলামের কুশপুত্তলিকা পোড়ান।

এর আগে রোববার রাজধানীর ন্যাম ভবনে সংসদ সদস্যদের সরকারি আবাসনের একটি ফ্ল্যাট থেকে গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রী মরিয়ম খাতুনের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় মরিয়মের বাবা মাহুম বিল্লাহ আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে গাজী নজরুল, তার প্রথম স্ত্রী মাকছুদা বেগম ও শ্যালক ওবায়দুর রহমানের বিরুদ্ধে মামলা করেন। মামলার পর গাজী নজরুল ও তার প্রথম স্ত্রীকে গ্রেপ্তার দেখায় পুলিশ। পরে আদালতে হাজির করা হলে গাজী নজরুলের চার দিন এবং মাকছুদা বেগমের এক দিনের রিমান্ড মঞ্জুর করা হয়।

এর আগে গাজী নজরুলের সঙ্গে মরিয়মের একটি আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা হয়। পরে জামায়াতে ইসলামী থেকে তাকে বহিষ্কার করা হয়। ভিডিওটি ছড়িয়ে দেওয়ার ঘটনায় মরিয়মের মামা ও গাজী নজরুলের গাড়িচালক ওবায়দুর রহমানের নামও আলোচনায় আসে।